# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 22-06-2025 Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যকে জানিয়ে তবেই জল ছাড়ার জন্য ডিভিসি কর্তৃপক্ষকে স্পষ্ট বার্তা দিয়েছে রাজ্য সরকার। নিয়মিত সমন্বয় রক্ষার ওপরেও জোর দেওয়া হয়েছে। দুর্গাপুর ব্যারেজ থেকে কমেছে জল ছাড়ার পরিমাণ।

২) রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামী চার পাঁচ দিন বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৩) হুগলীর গোঘাটে বিজেপি নেতা শেখ বাকিবুল্লার ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় শাসক দলের হাত রয়েছে বলে অভিযোগ করেছে বিজেপি।

৪) রাজ্য সরকার জন্ম ও মৃত্যুর শংসাপত্র জালিয়াতি রোধে কড়া পদক্ষেপ নিচ্ছে।

৫) উত্তর ২৪ পরগণার দত্তপুকুরের বামনমুরা পীরগাছা এলাকায় একটি কারখানার গোডাউনে ভয়াবহ অগ্নিকান্ডে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা।

৬) এবার মোহনবাগান রত্ন সম্মান পাচ্ছেন স্বপন সাধন বসু।

---

নিম্নচাপজনিত বৃষ্টি ও ডিভিসির ছাড়া জলে কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতির মধ্যে রাজ্যকে জানিয়ে তবেই জল ছাড়ার জন্য ডিভিসি কর্তৃপক্ষকে স্পষ্ট বার্তা দিয়েছে রাজ্য

সরকার। পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্যসচিব মনোজ পন্থ, সেচদপ্তর এবং বিপর্যয় মোকাবিলা দপ্তরের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক করেন। ডিভিসির সঙ্গে নিয়মিত সমন্বয় রক্ষার ওপর জোর দেওয়া হয়েছে। কৃষি জমি সহ বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হওয়ায় জরুরী ভিত্তিতে ত্রাণ সামগ্রীর সঙ্গে ক্ষতিগ্রস্তদের সহায়তা করতে রাজ্য সরকার ওই জেলাগুলির জন্য চার কোটি টাকা বরাদ্দ করেছে।

এদিকে, ডিভিসি, গতকাল দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়ালেও আজ সকালে তা কমিয়ে ৬৪ হাজার ১৫০ কিউসেক করেছে বলে খবর। পাঞ্চেত ও মাইথন থেকে ছাড়া জলের পরিমাণ কমায় দুর্গাপুর ব্যারাজ থেকেও জল ছাড়ার পরিমাণ কমবে বলে মনে করা হচ্ছে। দামোদরে জলের পরিমাণ বাড়ায় জারি হয়েছে কমলা সতর্কতা।

জেলাশাসক আয়েষা রানী এবং পুলিশ সুপার সহ প্রশাসনের শীর্ষ আধিকারিকরা দামোদরের নিম্ন অববাহিকা এলাকা ঘুরে দেখেছেন। তারা জ্যোৎশ্রীরাম গ্রাম পঞ্চায়েতের অমরপুর এলাকা পরিদর্শন করেন।

এদিকে তিনদিন কেটে গেলেও দামোদরে ভেসে যাওয়া লরিগুলি উদ্ধার করা সম্ভব হয়নি।

-----------------------

পূর্ব বর্ধমানের কেতুগ্রামের কাঁকুরহাটি গ্রামের কাছে অজয় নদে রিলস বানাতে গিয়ে জলে তলিয়ে গেছে দশম শ্রেনির দুই পড়ুয়া। মহম্মদ তহমিন নূর এবং আয়ান আহমেদ নামে বছর ১৬-র দুই কিশোর কাটোয়া শহরের বাসিন্দা। গতসন্ধ্যায় নবগ্রাম-কাঁকরহাটি রেল স্টেশন লাগোয়া অজয় সেতুর নীচে ঐ দুই কিশোর

ছবি তুলতে গিয়েছিল। বিপর্যয় মোকাবিলা বাহিনী ডুবুরি নিয়ে তল্লাশি শুরু করলেও কোনো খোঁজ পাওয়া যায়নি তাদের।

----------------------

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনা এক নম্বর ব্লকের কামারগেড়া এলাকায় বন্যার জলে ভেসে মৃত্যু হয়েছে এক যুবকের। শেখ আজাবুর আলী নামে ঐ যুবক চন্দ্রকোনার কামারগ্যেড়া চাতাল পেরোনোর সময় জলের তীব্র স্রোতে তলিয়ে যায়। দাসপুর ১ নম্বর ব্লকের রাজনগর গ্রাম পঞ্চায়েতের ভাঙাপোল এলাকাতে নৌকাডুবির ঘটনায় ৫০জনকে উদ্ধার করা হয়েছে।

----------------------

রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামী চার-পাঁচ দিন বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারি বৃষ্টির সম্ভাবনা থাকলেও দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি চলবে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

বাইট

----------------------

ইলিশের মরশুমে গভীর সমুদ্রে যাওয়ার পথে ফের একটি ট্রলার দুর্ঘটনার কবলে পড়েছে। গতকাল দুপুরে কেঁদো দ্বীপের কাছে ঢেউয়ের ধাক্কায় এফবি মা দুর্গা নামে ঐ ট্রলারটির পাটাতন ফেটে জল ঢুকে যায়। ডুবতে থাকা ট্রলারের ১৬ জন মৎস্যজীবীকে উদ্ধার করা হয়েছে। সেটি গতকালই নামখানা থেকে ইলিশ ধরতে গভীর সমুদ্রে রওনা

হয়েছিল। ট্রলারগুলিতে সঠিক রক্ষণাবেক্ষণ না হওয়ায় এই ধরনের দুর্ঘটনা বলে অনুমান মৎস্যজীবী সংগঠনগুলির।

উল্লেখ্য, গতকালই জম্বু দ্বীপের কাছে ডুবে যাওয়া এফবি শাকিলা নামের একটি ট্রলার থেকে ১৩ জন মৎস্যজীবিকে উদ্ধার করা হয়।

----------------------

হুগলীর গোঘাটে বিজেপি নেতা শেখ বাকিবুল্লার ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় শাসকদলের হাত রয়েছে বলে অভিযোগ করেছে বিজেপি। দলের রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমিক ভট্টাচার্য্য গতকাল বলেন, এর আগেও একই কায়দায় বিজেপি কর্মীর মৃত্যু হয়েছে।

বাইট

----------------------

রাজ্য সরকার জন্ম ও মৃত্যুর শংসাপত্র জালিয়াতি রোধে কড়া পদক্ষেপ নিচ্ছে। জেলার কোনও রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারকে এই কাজে নিযুক্ত করে আগে স্বাস্থ্য দফতরের অধীন রাজ্যের মুখ্য রেজিস্ট্রারের অনুমোদন নিতে হবে বলে সমস্ত জেলা প্রশাসনকে নির্দেশ পাঠানো হয়েছে ।

সম্প্রতি একাধিক জেলায় ভুয়ো জন্ম ও মৃত্যুর শংসাপত্র তৈরির ঘটনা সামনে আসার পরই এই নির্দেশ জারি হল। নির্দেশে বলা হয়েছে, জন্ম ও মৃত্যুর শংসাপত্র নথিবদ্ধ করার কাজে নিযুক্ত রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারদের নাম, মোবাইল নম্বর ও ইউজার আইডি মুখ্য রেজিস্ট্রারের দফতরে জমা দিতে হবে।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার গোসাবার পাঠানখালি গ্রাম পঞ্চায়েত থেকে দেওয়া জন্ম-মৃত্যু সংক্রান্ত ৫১০ টি ভুয়ো শংসাপত্র বাতিল করার জন্য জেলা প্রশাসন চিফ রেজিস্ট্রার অফ বার্থ অ্যান্ড ডেথসকে চিঠি দিয়েছে।

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৭ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

-----------------------

উত্তর ২৪ পরগনা জেলার দত্তপুকুর থানার বামনমুড়া পীরগাছা এলাকার একটি কারখানার গোডাউনে ভয়াবহ অগ্নিকান্ডে ব্যপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, সন্ধ্যা সাতটার পরে আগুন লাগলে তা দ্রুত ছড়িয়ে পড়ে। দুই বর্গ কিলোমিটারের বেশি এলাকা জুড়ে থাকা একের পর এক গোডাউনে আগুন ছড়িয়ে পড়ে। দাহ্য বস্তু গোডাউনে মজুত থাকায় আগুন নেভাতে গিয়ে বেগ পেতে

হয় দমকল কে। এদিকে দমকলের গাড়ি দেরিতে এসেছে অভিযোগ তুলে ক্ষুব্ধ এলাকাবাসী বিক্ষোভ দেখান। ২০টি ইঞ্জিন আগুন নেভানোর কাজে লাগানো হয়। জনবসতি পূর্ণ এলাকা হওয়ায় আতঙ্কিত হয়ে পড়েন এলাকাবাসী। ঘটনাস্থলে যান বারাসাত লোকসভা কেন্দ্রের সাংসদ ডাঃ কাকলি ঘোষ দস্তিদার এবং জেলা পুলিশ সুপার প্রতীক্ষা ঝাড়খড়িয়া। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে সব রকমের সাহায্যের আশ্বাস দেন তারা। দমকলের ডিজি রনবীর কুমার ঘটনাস্থলে পৌঁছে বলেন, কিভাবে আগুন লাগলো, তা খতিয়ে দেখা হচ্ছে।

বাইট

----------------------

খিদিরপুর বাজারে সাম্প্রতিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের পর্যাপ্ত আর্থিক ক্ষতিপূরণ এবং এই এলাকায় দ্রুত মেট্রো রেল চালুর দাবিতে কংগ্রেস গতকাল বিক্ষোভ দেখিয়েছে। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে খিদিরপুর মোড় অবরোধ করে বিক্ষোভ চলে। ওই বাজারে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য রাজ্য সরকার যে পরিমাণ আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার কথা জানিয়েছে তা ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য পর্যাপ্ত নয় বলে মন্তব্য করেন প্রদীপ প্রসাদ।

----------------------

মালদার ইংরেজবাজার এর সুকান্তপল্লি এলাকায় একটি নির্মীয়মান বাড়ির শৌচাগারের ট্যাঙ্কের ভেতরে ঢুকে কাজ করার সময় মাটি চাপা পড়ে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও একজন শ্রমিক ।নিহত উজ্জ্বল মন্ডল এবং অসিত

মন্ডল দুই ভাই। আহত অমল মন্ডলের চিকিৎসা চলছে মালদা মেডিকেল কলেজে। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ বাড়ির মালিককে জিজ্ঞাসাবাদ করছে।

-----------------------

উত্তর ২৪ পরগণার বেলঘরিয়ায় একটি রাসায়নিক গ্যাস কারখানায় বিষাক্ত গ্যাসে ২ শ্রমিকের মৃত্যুর ঘটনায় মালিক অলোক বিশ্বাসকে পুলিশ গ্রেপ্তার করেছে। শুক্রবার শালপাতা বাগান এলাকায় ওই রাসায়নিক কারখানায় কাজ করতে গিয়েছিলেন শ্রমিকরা। একটি ড্রামে থাকা কেমিক্যাল পরিষ্কার করতে গিয়ে বিষাক্ত গ্যাসে রবিন আইচ এবং সুরজিত মাইতি নামের দুই শ্রমিকের মৃত্যু হয়। অসুস্থ হয়ে পড়েন বেশ কয়েকজন। তাদের একজনের অবস্থা আশঙ্কাজনক। তাদের চিকিৎসা চলছে সাগর দত্ত মেডিকেল কলেজ ও হাসপাতালে।

-----------------------

বীরভূমের লাভপুরে হাথিয়া গ্রামে সংঘর্ষ চলাকালীন বোমা বিস্ফোরণে দুজনের মৃত্যু হয়েছে। জানা গেছে, গ্রাম দখলকে কেন্দ্র করে হাথিয়া গ্রামে উত্তেজনা ছড়ায়। দফায় দফায় সংঘর্ষ হয়। এরপরই বোমা বিস্ফোরণে গুরুতর আহত হয় শেখ সাবির ও শেখ আলমগীর নামে দুজন। তাদের একটি হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই দুজনের মৃত্যু হয়। আহত বেশ কয়েকজনের হাসপাতালে চিকিৎসা চলছে।

-----------------------

স্বপনসাধন বসুকে এবার মোহনবাগান রত্ন সন্মান প্রদান করা হবে। ময়দানে তিনি টুটু বসু নামে পরিচিত। আগামী ২৯ শে জুলাই মোহনবাগান দিবসের অনুষ্ঠানে এই সন্মান তাঁর হাতে তুলে দেওয়া হবে। এবারের অনুষ্ঠান হবে নেতাজী ইন্ডোর

স্টেডিয়ামে।দু হাজার ২৬ সালে মরণোত্তর মোহনবাগান রত্ন পুরস্কার দেওয়া হবে ক্লাবের প্রাক্তন সচিব অঞ্জন মিত্র কে।

---------------------- ----------------------